গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর-২৯.০০.০০০০.২২৩.২০.০১২.২৪-৪০

তারিখ: ২৫/০৩/২০২৫ খ্রি.

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের আপদকালীন পরিস্থিতি মোকাবেলা করার জন্য অর্থ বরাদ্দ প্রসংগে।

উপযুর্ক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বান্দরবান পার্বত্য জেলায় নিম্নবর্ণিত আবেদনকারী/প্রতিষ্ঠান/প্রকল্প এর অনুকূলে আর্থিক সহায়তা/আর্থ-সামাজিক সার্বিক উন্নয়ন এর জন্য তাদের অনুকূলে এককালীন আর্থিক অনুদান/সহায়তা প্রদান এর জন্য চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এর অনুকূলে ৫,৩০,০০০/- (পাঁচ লক্ষ ত্রিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের নিমিত্ত ছকে উল্লেখিত বরাদ্দ বিতরণের সরকারি মঞ্জুরি আদেশ নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

ক্রমিক	বরাদ্দ প্রদান সংস্থার নাম ও ঠিকানা	আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান ও প্রকল্পের নাম	বরাদ্দের ধরণ	অনুমোদিত বরাদ্দ (টাকা)
১	চেয়ারম্যান বান্দরবান পার্বত্য জেলা পরিষদ	সুপ্রিতি ত্রিপুরা, পিতাঃ রুংদাহা ত্রিপুরা, মাতাঃ সুমি ত্রিপুরা, সাং- রুমা, বান্দরবান পার্বত্য জেলা, মোবাইলঃ ০১৩০১-৫৯০১২৮ এর অধ্যয়নের ব্যয়ভার মেটানোর নিমিত্ত	এককালীন আর্থিক সাহায্য	৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা)
২	”	পুলুমং কার্বারী, আহ্বায়ক, ফাক্ষ্যংগ্রী পাড়া বৌদ্ধ বিহার অন্ত্যেষ্টিক্রিয়া উদযাপন কমিটি, তারাছা, রোয়াংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা, মোবাইলঃ ০১৮২২-৩১৯৬২২ এর অনুকূলে পূজনীয় ভদন্ত শীলাওয়াইংসা মহাথের এর অন্ত্যেষ্টিক্রিয়া অনুষ্ঠান বাবদ আর্থিক অনুদান	এককালীন আর্থিক অনুদান	২,০০,০০০/- (দুই লক্ষ টাকা)
৩	”	চনুমং, সভাপতি, উৎসব উদযাপন পরিষদ, বান্দরবান সদর, বান্দরবান পার্বত্য জেলা, মোবাইলঃ ০১৫৫৩-৪০২৮৬৫ এর অনুকূলে মাহাঃ সাংগ্রাই পোয়েঃ উদযাপন	এককালীন আর্থিক অনুদান	৩,০০,০০০/- (তিন লক্ষ টাকা)
			সর্বমোট =	৫,৩০,০০০/-

২। চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি-৩ আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২১-নগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২১১০১ ত্রাণ কার্য (নগদ) খাতে বরাদ্দকৃত ৮,৪০,০০,০০০/-(আট কোটি চল্লিশ লক্ষ) টাকার মধ্যে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা খাতে বিভাজনকৃত ৮,০০,০০,০০০/-(আট কোটি) টাকা হতে এ ব্যয় বহন করা হবে।

শর্তসমূহ:

১. মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র যথাসময়ে চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
২. বরাদ্দকৃত অর্থ মাস্টার রোলের মাধ্যমে বিতরণপূর্বক নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত উপকারভোগীর সংখ্যাসহ প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
৩. চেয়ারম্যান বরাদ্দগ্রহীতাগণের নিকট হতে প্রাপ্তিস্বীকারপত্র গ্রহণপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
৪. বরাদ্দকৃত অর্থ ব্যবহারে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ১৫/০৪/২০০২ তারিখের ৪৩২ নং স্মারকের পরিপত্রের শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
৫. মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় ও মুহূর্তে যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।

(মোহাম্মদ নাহিদ ইসলাম)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০১৩৫
তারিখ: ২৫/০৩/২০২৫ খ্রি.

নম্বর-২৯.০০.০০০০.২২৩.২০.০১২.২৪-৪০

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
৩. উপদেষ্টার একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

চলমান পাতা-০২

৪. মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
৫. সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা ।
৭. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

(মোহাম্মদ নাহিদ ইসলাম)
উপসচিব